# ১১ দলীয় জোটের রাষ্ট্রপতি প্রার্থী কর্নেল অলি আহমদ



কর্নেল (অব.) অলি আহমদ। ছবি: সংগৃহীত

দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনে ১১ দলীয় জোটের প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদ।

রোববার (৯ আগস্ট) দুপুরে জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সরকারি বাসভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে জোটের পক্ষ থেকে অলি আহমদের প্রার্থিতার বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানানো হয়।

এর আগে রাষ্ট্রপতি নির্বাচনে জোটের প্রার্থী নির্ধারণে শীর্ষ নেতারা বৈঠকে বসেন। বৈঠকে সভাপতিত্ব করেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। এতে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পারওয়ার, জোটের সমন্বয়ক ড. হামিদুর রহমান আযাদসহ শরিক দলগুলোর নেতারা অংশ নেন।

বৈঠকে এলডিপির চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদ ছাড়াও জাগপার রাশেদ প্রধান, খেলাফত মজলিসের মামুনুল হক, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম এবং নাসিরুদ্দিন পাটোয়ারী উপস্থিত ছিলেন।

এর একদিন আগে শনিবার (৮ আগস্ট) সন্ধ্যায় রাজধানীর মগবাজারে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে দলের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকেই রাষ্ট্রপতি নির্বাচনে অংশ নেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয় দলটি।

পরে সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে জানায় বাংলাদেশ জামায়াতে ইসলামী।